

B.A. 1st Semester (General) Examination, 2022 (CBCS)

Subject : Bengali

Course: CC-1A/2A/GE-1

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রকৃতমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'মনুস্যফল' প্রবন্ধটি কোন পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়?
- (খ) "ইহারা পৃথিবীর কুম্ভাণ্ড"— কাদের কথা বলা হয়েছে এবং কেন?
- (গ) "আমি তোমার ধর্মের সহায়।"— কে, কাকে বলেছিল?
- (ঘ) 'রত্নমণ্ডিত দশভুজ' বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন?
- (ঙ) "শাক্য সিংহ এই কথা কত প্রকারে বলিয়া গিয়াছেন।"— শাক্য সিংহ কে?
- (চ) পত্রলেখা কোন আখ্যায়িকার চরিত্র? ওই আখ্যায়িকার লেখকের নাম কী?
- (ছ) 'সাহিত্যের সামগ্রী' প্রবন্ধটি কোন পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়?
- (জ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।
- (ঝ) "যদি কোনো উদ্দেশ্য নাই তবে সাহিত্যের লাভ কী?"— বক্তার উক্ত বক্তব্যের তাৎপর্য নিরূপণ করো।
- (ঞ) 'রঙ্গমঞ্চ' প্রবন্ধে রামায়ণ মহাকাব্যের কোন কোন কাণ্ডের উল্লেখ আছে?
- (ট) "যুদ্ধের আয়োজন পূর্বের চেয়ে বাড়িয়াছে।"— কোন প্রসঙ্গে লেখক এ কথা বলেছেন?
- (ঠ) 'পঞ্চবীর পতিগর্বিতা'— পঞ্চবীর কে কে?
- (ড) ওয়েলিংটন কে?
- (ঢ) 'গুজরী পঞ্চম' কাকে বলে?
- (ণ) 'বিড়াল' প্রবন্ধে কোন যুদ্ধের প্রসঙ্গ এসেছে? সেই যুদ্ধের বিবাদমান দুই সেনাপতির নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'মনুস্যফল' প্রবন্ধে নারীজাতিকে বঙ্কিমচন্দ্র কোন কোন ফলের সঙ্গে তুলনা করেছেন এবং কেন, তা নিজের ভাষায় লেখো।
- (খ) "তুমি বসন্তের কোকিল, শীত বর্ষার কেহ নও।"— প্রবন্ধটিতে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কাদের, কেন বসন্তের কোকিল বলেছেন?
- (গ) "যাত্রার অভিনয়ে দর্শক ও অভিনেতার মধ্যে একটা গুরুতর ব্যবধান নাই।"— প্রাবন্ধিকের উক্ত বক্তব্যের কারণ নির্দেশ করো। 'রঙ্গমঞ্চ' প্রবন্ধটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(ঘ) ‘সৃষ্টির উদ্দেশ্য পাওয়া যায় না, নির্মাণের উদ্দেশ্য পাওয়া যায়’— উদ্ধৃতিটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন প্রবন্ধ গ্রন্থের অন্তর্গত? উক্ত উদ্ধৃতিটিতে রবীন্দ্রনাথের কোন ভাবনার প্রকাশ ঘটেছে, প্রবন্ধ অনুসরণে আলোচনা করো।

(ঙ) ‘আমার মন’ প্রবন্ধে লেখকের বহুবিচিত্র মনোভাবনার প্রকাশ ঘটেছে— আলোচনা করো।

(চ) “ধনের ধর্মই অসাম্য।”— উক্ত উদ্ধৃতিটি কোন প্রবন্ধের অন্তর্গত এবং প্রবন্ধটি কোন মূল গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? উক্ত বক্তব্যের মধ্যে দিয়ে রবীন্দ্রনাথ চিরকালীন ধনবৈষম্যের ইঙ্গিত দিয়েছেন— আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

(ক) ‘আমার দুর্গোৎসব’ প্রবন্ধটি কোন পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়? প্রবন্ধটিতে প্রাবন্ধিক দেশমাতাকে গৌরবের আসনে প্রতিষ্ঠিত করার জন্য স্বদেশবাসীকে দেশপ্রেমের মন্ত্রে উদ্বুদ্ধ করেছেন— আলোচনা করো।

(খ) ‘বিড়াল’ প্রবন্ধে প্রাবন্ধিক লঘুরসের আড়ালে গুরুতর সমাজ-সমস্যার উল্লেখ করেছেন— আলোচনা করো।

(গ) ‘সাহিত্যের সামগ্রী’ প্রবন্ধের মূলভাব পরিস্ফুট করো।

(ঘ) ‘কাব্যের উপেক্ষিতা’ প্রবন্ধে রবীন্দ্রনাথ কাদের, কেন উপেক্ষিতা বলে উল্লেখ করেছেন তা নিজের ভাষায় লেখো।